

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.২৯০

তারিখ : ৩০.১০.২০১৯ খ্রি:


বিষয় : এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদেরকে নিয়োগ না দেয়ায় প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্র : বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) ঢাকা এর স্মারক নং বেশিনিক/শি.শি/বে.শি.প্র.শি/৮৫৪ (অংশ-২)/২০১৯/৩৬৯ তারিখ: ০১.১০.২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে গুণ্যদের চাহিদার ভিত্তিতে এনটিআরসিএ হতে ২৪.০১.২০১৯ তারিখে ৩১,৬৬৫ জন শিক্ষক প্রার্থীকে বিভিন্ন বিষয়ের উপর মেধা তালিকার ভিত্তিতে এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য সুপারিশ করা হয়। কিন্তু কিছু সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বিভিন্ন অজুহাতে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষক প্রার্থীগণকে নিয়োগপত্র প্রদানে অসম্মতি জানান। উল্লেখ্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর ১৮.১(ঘ) অনুযায়ী প্রতিষ্ঠান প্রধান এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়েছে।

২.০ এমতাবস্থায়, এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের যোগদান করতে না দেয়ার কারণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক এর বেতন ভাতা কেন বন্ধ করা হবে না সে মর্মে অধ্যক্ষ/প্রধান শিক্ষককে কারণ দর্শানো এবং উক্ত কারণ দর্শানোর জবাবের উপর মতামত সহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


৩০/১০/২০১৯
(মো: কামরুল হাসান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

- ১.০ চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) রেড জি.সেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা) ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২.০ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩.০ সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪.০ অফিস কপি।